দৈনিক
ইত্তেফাক

তারিখ ..18 . JUN. 2015 ...
পৃষ্ঠা ...৭... কলাম....৪......

## অভিভাবক সদস্য নির্বাচন
# ৩৭৪ শিক্ষার্থীর অভিভাবক ৫৩৭ জন!

■ মিঠাপুকুর (রংপুর) সংবাদদাতা

নিজের মতো করে ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মিঠাপুকুরে অভিভাবক সদস্য নির্বাচনের জন্য ভোটার তালিকায় বেশি শিক্ষার্থী দেখিয়েছেন এক প্রধান শিক্ষক। উপজেলার ছড়ান দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকিন মিয়ার বিরুদ্ধে এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসারসহ বিভিন্ন দপ্তরে অভিযোগ দিয়েছেন অভিভাবকরা। উপজেলার বড়বালা ইউনিয়নে অবস্থিত ছড়ান দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হওয়ায় নতুন করে কমিটি গঠনের জন্য প্রক্রিয়া শুরু হয়। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকিন মিয়া কৌশলে নিজের লোকদের ম্যানেজিং কমিটিতে নিয়ে আসার জন্য ভোটার তালিকায় অতিরিক্ত শিক্ষার্থী দেখিয়ে অভিভাবক তৈরি করেন। পাশের হলিচাইল্ড বিদ্যালয় ও ফাইম রেসিডেন্সিয়াল পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের নাম দিয়ে চূড়ান্ত ভোটার প্রণয়ন করেন। ছড়ান দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ৩৭৪ জন। অথচ চূড়ান্ত ভোটার তালিকায় তিনি শিক্ষার্থী দেখিয়েছেন ৫৩৭ জন।

এদিকে ছড়ান দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকিন মিয়া বলেন, যাদের নাম ভোটার তালিকায় এসেছে তারা সকলেই বিদ্যালয়ের অভিভাবক।

উপজেলা নির্বাহী অফিসার মোহা. হারুন-অর-রশীদ বলেন, বিষয়টি তদন্তের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও যুব উন্নয়ন অফিসারকে দায়িত্ব দেয়া হয়েছে। যদি বেশিসংখ্যক শিক্ষার্থী দেখিয়ে ভোটার তালিকা প্রণয়ন করা হয় তাহলে নির্বাচন বন্ধ করা হবে।